গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৮.০৬.২০২৩ খ্রি.

সংবাদ :
সম্পাদকীয় :
প্রবন্ধ/চিঠিপত্র :

# এসআরও আইন-১৬৮ বাতিলের দাবিতে ময়মনসিংহে আয়কর আইনজীবীদের মানববন্ধন




গতকাল বুধবার দুপুরে কর কমিশনারের কার্যালয় প্রাঙ্গণে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখছেন ট্যাক্সেস লয়ার্স এসোসিয়েশনের সিনিয়র সহ-সভাপতি এডভোকেট সাদিক হোসেন।

স্টাফ রিপোর্টার ঃ দেশের রাজস্ব ব্যবস্থাকে অস্থিতিশীল করার অপপ্রয়াসে জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও-১৬৮ বাতিল ও জাতীয় রাজস্ব ভবনে আইনজীবীদের ভিজিটর কার্ড ব্যবহার বিধি প্রত্যাহারের দাবীতে বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন ঘোষিত দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে ময়মনসিংহ বিভাগের আয়কর আইনজীবীদের মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গতকাল বুধবার (৭ জুন) দুপুর ১২ টায় ময়মনসিংহ ট্যাক্সেস বার এসোসিযয়শন কার্যালয় প্রাঙ্গণে ট্যাক্সেস বার এসোসিযয়শন ময়মনসিংহ, জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর ও নেত্রকোণা জেলার আয়োজনে ঘন্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালিত হয়। দি ময়মনসিংহ ট্যাক্সেস বার এসোসিয়েশনের সভাপতি মোঃ রুহুল আমিন ভূঞা এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ট্যাক্সেস লয়ার্স এসোসিয়েশনের ময়মনসিংহ বিভাগীয় সিনিয়র সহ-সভাপতি এডভোকেট সাদিক হোসেন। তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) (২য় পাতায়)

## এসআরও আইন-১৬৮

(১ম পাতার পর) আয়কর রির্টান প্রস্তুতকারী বিধিমালা ২০২৩-এর যে খসড়া প্রস্তুত করেছে সংসদে পাস করবে বলে, তা এককথায় বিধিমালা এসআরও নং-১৬৮ এবং সেকশন ১৭৪ এর মধ্যে সাংঘর্ষিক ও বাংলাদেশে বিদ্যমান এক লক্ষ পঞ্চাশ হাজারেরও বেশী আয়কর সংশ্লিষ্ট আইনজীবীদের সাথে মতাদর্শিক বিরুদ্ধাচরণ। আমরা এ মনগড়া আইন মানি না এবং এই কালো আইনের তীব্র প্রতিবাদ জানাই। তিনি আরো বলেন, প্রস্তাবিত এই আইনে যা বলা হয়েছে তা বাস্তবায়ন হলে সম্মানিত করদাতাদের দুর্ভোগ বাড়বে বিনে কমবে না। তনি আরো বলেন, মাঠ পর্যায়ে কর আদায় বাড়াতে সরকার 'বেসরকারি ব্যক্তি নিয়োগ করবে। নিয়োগকৃত সেই ব্যক্তিগণ, শুধুমাত্র করদাতাদের রিটার্ন প্রস্তুত ও জমার কাজে সহায়তা করতে পারবে। করদাতাদের নিকট থেকে কর আদায় করার ক্ষমতা ওই বেসরকারি ব্যক্তিগণের থাকবে না ও করদাতাদের আইনি প্রতিনিধিও হতে পারবে না। এই বেসরকারি ব্যক্তিগণ কাজ করবেন এনবিআর নিয়োগকৃত এলাকাভিত্তিক বেসরকারি প্রতিষ্ঠানের অধীনে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক প্রণয়নকৃত 'মানুষ ভোগান্তি নামক এমন আইনের তীব্র প্রতিবাদ জানচ্ছি এবং এনবিআর প্রদত্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা ২০২৩-এর যে খসড়া প্রস্তুত করা হয়েছে তা বাতিলের দাবী জানাচ্ছি।

ট্যাক্সেস বার এসোসিয়েশনের সাধারণ সম্পাদক খন্দকার ওয়াহেদুজ্জান এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন এসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ ফেরদৌছুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক সজল ইসলাম রতন, সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, জামালপুর জেলা ট্যাক্সেস বার এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক মোঃ আজিজুল হক, কিশোরগঞ্জ জেলা ট্যাক্সেস বার এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম, আয়কর আইনজীবী মো: নজরুল ইসলাম, আজিজুল হাই সোহাগ প্রমুখ। মানববন্ধনে ময়মনসিংহ বিভাগের জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর ও নেত্রকোণা জেলার আয়কর আইনজীবীগণ অংশ গ্রহণ করেন।